# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের গত ৩০.০১.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আলী নূর<br>সচিব<br>স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| তারিখ | : | ৩০.০১.২০২০ খ্রি: |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

(উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও বিভিন্ন অধিদপ্তর হতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্য সূচী সভায় উপস্থাপন করেন। আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | APA এর বাস্তবায়ন পর্যালোচনা, আইন সমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং নির্বাচনী ইশতেহার/ ২০১৮ এর আলোকে এ বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের APA এর বাস্তবায়ন ও আইন সমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং নির্বাচনী ইশতেহার/ ২০১৮ এর আলোকে এ বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য গত সভার সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০১। Allied Health Professional বিষয়ক আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত ফেব্রুয়ারি মাসের ১ম সপ্তাহের মধ্যে সভা আহ্বান করে চূড়ান্ত করতে হবে।<br>০২। আয়ুর্বেদিক শিক্ষা সংক্রান্ত আইনের খসড়া পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>০৩। হোমিওপ্যাথিক আইনটির বিষয়ে Stake Holderদের নিয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা করে Website-এ প্রদর্শণপূর্বক সংশ্লিষ্টদের মতামত গ্রহণকরে আগামী ১ মাসের মধ্যে চূড়ান্ত করতে হবে।<br>০৪। বেসরকারী মেডিকেল কলেজ স্থাপন আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের মূল কমিটিতে উপস্থাপনের নিমিত্ত আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>০৫। Accreditation আইন গ্লোবাল প্র্যাকটিস এর সাথে সমন্বয় করে চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে আগামী ১৫ দিনের মধ্য প্রেরণ করতে হবে।<br>০৬। গঠিত কমিটিকে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আরেকটি সভা করে নির্বাচনী ইশতেহার/২০১৮ এর আলোকে এ বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম চূড়ান্ত করতে হবে। | প্রশাসন অনুবিভাগ/ চিকিৎসা শিক্ষা অনুবিভাগ/ জনসংখ্যা পরিবার কল্যাণ ও আইন/ সংশ্লিষ্ট সকল |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২। | বাজেট বাস্তবায়ন ও পুরানো গাড়ী সংক্রান্ত নিলাম | বছরের শুরুতে বাজেট বাস্তবায়ন ত্বরান্বিত না করায় এডিপি শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বর্তমান অর্থ বছরে এডিপি শতভাগ বাস্তবায়নের বিষয়ে বছরের শুরু থেকে পদক্ষেপ গ্রহণ ও পুরনো গাড়ী নিলামে বিক্রির বিষয়টি আলোচনা | ০১। এ বিভাগের সহকারী সচিব থেকে অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাদের প্রকিউরমেন্ট সংক্রান্ত ১৫ দিন এবং ই-জিপি সংক্রান্ত ০৩ দিনসহ মোট ১৮ (আঠার) দিনের প্রশিক্ষণ CPTU এর মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০২। রাজস্ব এবং উন্নয়ন উভয় বাজেটের জন্য খাত ভিত্তিক রেজিষ্টার চালু করতে হবে। অর্থ খরচ হওয়ার সাথে সাথে উক্ত রেজিষ্টারে বিয়োজন সংক্রান্ত কার্যক্রম চলমান রাখতে হবে।<br>০৩। এ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তরের সরকারি, প্রকল্প ও বিদেশী সংস্থার পুরনো অকেজো গাড়ির তালিকা (গাড়ির নম্বর, মডেল, মেরামতযোগ্য কিনা উল্লেখপূর্বক) প্রণয়ন করে বিধিমোতাবেক পরিবহন পুলে জমা/ নিলামে বিক্রি/ অকেজো ঘোষণা করার কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>০৪। BAFARD এবং Breast Feeding Foundation এর বিগত ০২ বছরের অর্থ কিভাবে খরচ হয়েছে এ বিষয়ে মন্ত্রী মহোদয়ের সদয় নির্দেশনার প্রেক্ষিতে সেবা বিভাগ কর্তৃক এ বিভাগের প্রতিনিধির সমন্বয়ে যৌথ তদন্ত কমিটি গঠনপূর্বক তদন্ত কার্যক্রম শুরুর করার অনুরোধ জানিয়ে স্বাস্থ্য সেবা বিভাগে পুন: পত্র দিতে হবে। | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও নিপোর্ট/ অতিরিক্ত সচিব, (প্রশাসন/ উন্নয়ন ও বাজেট অনুবিভাগ)/ সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক/ উপপ্রধান |
| ৩। | স্থাপনা পুন:নির্মাণ ও মেরামত | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের নির্মাণ/ মেরামতের বিষয়ে পূর্বের সভার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয়। | ০১। ৬৫৯ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুন:নির্মাণের ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৫ দিনের মধ্যে আলাদা সভা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।<br>০২। ৬৫৯ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রস্তুতকৃত ডিজাইনটি মাননীয় মন্ত্রীকে দেখিয়ে চূড়ান্ত করার পর মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবলোকনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০৩। দুর্গম এলাকার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলি পুন:নির্মাণের কাজ অগ্রাধিকার ভিত্তিতে করতে হবে। | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন)/ প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | ০৪। উপকূলীয় এলাকার লবনাক্ততা বিবেচনায় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলি পুন:নির্মানের সময় প্লাস্টার এর বিকল্প হিসেবে অটোব্রিক ব্যবহার করা যায় কিনা ডিপিপি প্রণয়নের সময় সে বিষয়টি বিবেচনায় আনতে হবে।<br><br>০৫। ‘বি’ ক্যাটাগরির ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলি মেরামত যথাযথভাবে সম্পন্নকরণ ও গুনগত মান নিশ্চিত করণের লক্ষ্যে মেরামতকালীন সময়ে সপ্তাহে শুক্রবার ও শনিবার উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে তদারকির ব্যবস্থা করতে হবে।<br><br>০৬। মেরামতের আগের ও পরের ছবি/ভিডিও সংরক্ষণ করতে হবে এবং তা উন্নয়ন সংক্রান্ত সভায় উপস্থাপন করতে হবে। | |
| ৪। | মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের ডিপিপি প্রণয়ন | রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ডিপিপি প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের Feasibility Study দ্রুততার সাথে সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত Steering Committee এর সুপারিশের ভিত্তিতে ডিপিপি প্রণয়ন চূড়ান্ত করে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা/ উন্নয়ন অনুবিভাগ) |
| ৫। | বেসিক সাবজেক্ট এর চিকিৎসকদের প্রণোদনা ভাতা প্রদান | বেসিক বিষয়ের চিকিৎসকগণের প্রণোদনা ভাতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | ০১। বেসিক Subject এর চিকিৎসকদের প্রণোদনা ভাতা প্রদানের বিষয়ে মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)/ বাজেট অনুবিভাগ |
| ৬। | শূন্য পদে জনবল নিয়োগ | স্বাস্থ্য শিক্ষা বিভাগ ও এর অধিনস্ত অধিদপ্তরের জনবল নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়। | ০১। এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর সমূহের শূন্যপদ পূরণের কার্যক্রম দ্রুততার সাথে শুরু করতে হবে।<br><br>০২। সম্প্রতি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন যেসকল পদ পূরণের ছাড়পত্র ইস্যু করা হয়েছে ঐসকল পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>০৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান নিয়োগ বিধিতে উল্লেখিত আয়া পদটির “সেবা সহায়িকা” পদে রূপান্তর করার কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে। | মহাপরিচালক (পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর), অতিরিক্ত সচিব (প্রশাসন/ চিকিৎসা শিক্ষা) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | ০৪। ৩ (তিন) টি সরকারি মেডিকেল কলেজ, আইএইচটি ও ম্যাটস সমূহের শূন্যপদ পূরণ ও নতুন পদ সৃজনের বিষয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) সংশ্লিষ্টদের সাথে সভা করে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন। | |
| ৭। | বিবিধ | সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তর, এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ০১। Rules of Business অনুযায়ী এ বিভাগের কার্য পুন: বণ্টনের প্রস্তুতকৃত খসড়া প্রস্তাবটির বিষয়ে একটি সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>০২। বিদেশ প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত দেশের নাম, প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন ও প্রশিক্ষণসূচি (ক্লিনিকেল প্রশিক্ষণ ১৫ দিন এবং Exposure Visit ৭ দিন মেয়াদি এবং বিভিন্ন OPতে যেভাবে অনুমোদিত আছে সেভাবে) দ্রুততার সাথে বিধি বিধান অনুসরণপূর্বক আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>০৩। ১৫টি সরকারি নার্সিং কলেজ ও ৪৩ টি নার্সিং ইনস্টিটিউট এর খসড়া অর্গানোগ্রাম ও নিয়োগ বিধিমালা প্রণয়ন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>০৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ঢাকা বিভাগ, চট্টগ্রাম বিভাগ এবং বরিশাল বিভাগের পরিচালক পদে দ্রুততার সাথে কর্মকর্তা পদায়ন করতে হবে।<br><br>০৫। ৩৫০ টি উপজেলায় প্রসব বান্ধব ডেলিভারি সেন্টার চালুকরণের উদ্যোগ আগামী ১ মাসের মধ্যে গ্রহণ করতে হবে।<br><br>০৬। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন গর্ভবতী মা-দের সেবা সহজীকরণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমূহের উদ্ভাবক বৃন্দের অংশগ্রহণে অনুষ্ঠিত কর্মশালার মাধ্যমে প্রণিত কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক (পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর)/ অতিরিক্ত সচিব (প্রশাসন/ জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন/ উন্নয়ন/ চিকিৎসা শিক্ষা)/ প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | ০৭। খুলনা বিভাগের বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়টি জেলা অফিস ও বিভাগীয় অফিসের নামে আলাদা বৈদ্যুতিক মিটার সংযোগসহ আগামী ১০ কর্মদিবসের মধ্যে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>০৮। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের জনবলের শূণ্য পদ দ্রুততম সময়ে পূরণ করতে হবে।<br><br>০৯। দুই বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) কর্তৃক স্বাস্থ্য অধিদপ্তর পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অফিসের স্থান সংকুলানের ব্যবস্থা করতে হবে।<br><br>১০। "স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন অপারেশন প্ল্যান'' এবং "Alternative Medicine অপারেশন প্ল্যান'' এর যাবতীয় কার্যক্রম এ বিভাগের অধীনে হস্তান্তরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>১১। বেসরকারী মেডিকেল কলেজ সমূহের গ্রেডেশন তালিকা আগামী ১মাসের মধ্যে প্রনয়ণ করতে হবে।<br><br>১২। নতুন মেডিকেল কলেজ স্থাপনের পূর্ত কাজসমূহ এ বিভাগের মাধ্যমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>১৩। যেসকল মেডিকেল কলেজের নির্মাণ কাজ চলমান সেসকল মেডিকেল কলেজের নির্মাণ কাজের অগ্রগতির বিষয়ে দুই বিভাগের যৌথ সভার মাধ্যমে কাজের অগ্রগতি পর্যালোচনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>১৪। সরকারী মেডিকেল কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদায়নের চূড়ান্ত নীতিমালা আগামী ৭ দিনের মধ্যে প্রকাশ করতে হবে। | |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | ১৫। IMED এর Format অনুসরণপূর্বক IT Company এর সহায়তায় স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন দফতর সমূহের মাধ্যমে বাস্তবায়িতব্য বা বাস্তবায়িত প্রকল্পের মনিটরিং ব্যবস্থা MIS এর মাধ্যমে চালু করতে হবে।<br><br>১৬। বেসরকারী মেডিকেল কলেজসমূহের মানোন্নয়নের জন্যে আলাদা Accreditation Council গঠনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>১৭। করোনা ভাইরাস প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে। | |

০২। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

2/2/2020

(মো: আলী নূর)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক-৫৯.০০.০০০০.১০৪.০৬.০০৫.১৭-১৪২ তারিখ: ০২/০২/২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ নিপোর্ট/ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
২। অনুবিভাগ প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৪। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক (সকল), ------------------------------------------------------------------
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৮। উপপ্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। টেকনিক্যাল ম্যানেজার (টেমো), মহাখালী, ঢাকা
১২। অফিস কপি

02/02/2020

(মো: আনোয়ার হোছাইন আকন্দ)
উপসচিব (প্রশাসন-১)
ফোন-৯৫৪৫৮২০
admin1@mefwd.gov.bd